

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 26-11-2025


Time: 1.40 P.M.

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ৭৬-তম সংবিধান দিবস উদযাপিত হচ্ছে। এবারের সংবিধান দিবসের মূল ভাবনা হামারা সংবিধান – হামারা স্বভিমান অর্থাৎ, আমাদের সংবিধান-আমাদের গর্ব। এই উপলক্ষে নতুন দিল্লির সংবিধান সদনের সেন্ট্রাল হলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সংবিধানের Preamble বা প্রস্তাবনা পাঠ করে মূল অনুষ্ঠানের সূচনা করেন। তিনি বলেন, ভারতীয় সংসদ বিশ্বের বিভিন্ন দেশের কাছে এক উদাহরণ হিসাবে উঠে এসেছে। গত এক দশকে এই সংসদ দেখিয়েছে, কিভাবে জনগণের আশা আকাঙ্ক্ষা পূরণ করতে হয়। সংবিধান নির্মাতারা চেয়েছিলেন, সংবিধানের মাধ্যমে জনগণের সম্মিলিত এবং ব্যক্তিগত মর্যাদাকে অক্ষুণ্ন রাখতে। এই সংসদ তাও সুনিশ্চিত করেছে। সম্ভব হয়েছে সামাজিক, আর্থিক এবং রাজনৈতিক ন্যায় প্রদান।

(বাইট- রাষ্ট্রপতি)

সংবিধান দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ঐতিহাসিক এই দিনটিকে স্মরণ করে দেশবাসীকে খোলা চিঠি লিখেছেন। দেশের অগ্রগতিতে সংবিধানের ভূমিকার ওপর আলোকপাত করেন প্রধানমন্ত্রী। তিনি লিখেছেন, পবিত্র এই নথিকে সম্মান জানাতে

২০১৫ সালে সরকার ২৬শে ডিসেম্বর দিনটিকে সংবিধান দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়। এক উন্নত ও বিকশিত ভারত গড়ে তুলতে নিজেদের কর্তব্যকে সর্বাগ্রে প্রাধান্য দেওয়ার আহ্বান জানান শ্রী মোদী। ভোটাধিকার সুনিশ্চিত করে দেশের গণতন্ত্রকে শক্তিশালী করার আবেদনও জানিয়েছেন তিনি।



পশ্চিমবঙ্গেও সংবিধান দিবস যথাযথ মর্যাদায় উদযাপিত হচ্ছে।

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস, সংবিধান দিবস উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, সংবিধান ভারতকে একটি সার্বভৌম গণতান্ত্রিক সাধারণতন্ত্রের উত্তোরণের পথে এগিয়ে দিয়েছে।

বিধানসভা ভবনে সংবিধানের মুখ্য প্রণেতা ডক্টর ভীম রাও আম্বেদকারের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান অধ্যক্ষ নিমান বন্দ্যোপাধ্যায় সহ অন্যান্যরা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই উপলক্ষে ডক্টর বি আর আম্বেদকার ও সংবিধানের অন্য রচয়িতাদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন। সংবিধানে উল্লেখিত পথ নির্দেশগুলিও সুরক্ষিত রাখার ওপর জোর দিয়েছেন তিনি। ময়দানে বি আর আম্বেদকারের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যাণ্ডেলের এক বার্তায় সংবিধান দিবসে

সকলকে শুভেচ্ছা জানান।

প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধানভবনে এই উপলক্ষে এক বিশেষ অনুষ্ঠানের

আয়োজন করা হয়েছে।



পুরোনো শ্রম আইন সরলীকরণ এবং সংস্কারের লক্ষ্যে সম্প্রতি কেন্দ্রীয় সরকার নতুন চারটি শ্রম কোড কার্যকর কথা ঘোষণা করেছে। আসানসোলে কর্মরত কেন্দ্রীয় ডেপুটি চিফ লেবার কমিশনার কানহু চরণ সাহু আমাদের প্রতিনিধি কাশফিন নাহারকে জানিয়েছেন নতুন এই শ্রম কোড সংগঠিত এবং অসংগঠিত দুই ক্ষেত্রের শ্রমিক দেবই সামাজিক সুরক্ষা নিশ্চিত করবে।

ক্যাপসুল – কাশফিন



তৃতীয় লিঙ্গ, যৌনকর্মী এবং তাঁদের সন্তানদের গণতান্ত্রিক অধিকার রক্ষায় বিশেষ উদ্যোগ নিচ্ছে নির্বাচন কমিশন। এদের ভোটাধিকার যাতে কোনওভাবেই বিঘ্নিত না হয়,

তা নিশ্চিত করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল বিশেষ ক্ষমতা প্রয়োগের কথা জানিয়েছেন।

কমিশন সূত্রে জানা গেছে, জোড়াসাঁকোর সোনাগাছি এলাকায় প্রায় ৭ হাজার ভোটার থাকলেও তাঁদের অনেকেরই ভোটার কার্ড নেই। কিংবা থাকলেও পিতৃপরিচয় বা গোত্রের তথ্য না থাকায় নানা সমস্যার মুখে পড়ছেন। সোমবার যৌনকর্মীদের এক সংগঠন মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠক করে সমস্যাগুলি তুলে ধরে। তাঁদের আশ্বস্ত করে মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন, তৃতীয় লিঙ্গ, যৌনকর্মী বা তাঁদের সন্তানদের ভোটাধিকার কোনওভাবেই ক্ষুণ্ণ হতে দেওয়া যাবে না। প্রয়োজনে আইন অনুযায়ী আমার বিশেষ ক্ষমতা ব্যবহার করবেন তিনি। তিনি আরও জানান, দ্রুত বিশেষ অভিযান শুরু করা হবে। সোনাগাছির প্রতিটি অংশে সংশ্লিষ্ট বিএলওদের নিয়ে ক্যাম্প করা হবে, যাতে কোনও ভোটার বাদ না পড়ে।



স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালে চাকরী বাতিলের পর ২০২৫ সালে নতুন পরীক্ষা সংক্রান্ত যাবতীয় মামলা কলকাতা হাইকোর্টে ফেরত পাঠালো সুপ্রিম কোর্ট। বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি অলোক আরাধের বেঞ্চ এক পর্যবেক্ষণে জানিয়েছে, চাকরি বাতিলের নতুন পরীক্ষাকে কেন্দ্র করে যে জটিলতার সৃষ্টি হয়েছে,

তার জন্য স্কুল সার্ভিস কমিশনই দায়ী। টেনেড কোনো প্রার্থীকে যাতে কোনোভাবেই নতুন পরীক্ষায় বসতে দেওয়া না হয়, তা নিশ্চিত করতে বলেছে শীর্ষ আদালত। অভিজ্ঞতার জন্য অতিরিক্ত ১০ নম্বর দেওয়া সহ পরীক্ষাকে কেন্দ্র করে অন্যান্য যত মামলা শীর্ষ আদালতে দায়ের হয়েছে, তা কলকাতা হাইকোর্টকে শুনতে নির্দেশ দিয়েছে বেঞ্চ।

উল্লেখ্য আগামী ২৮ শে নভেম্বর হাইকোর্টে এই মামলার শুনানি রয়েছে।



কোচবিহারের চ্যাংরাবান্ধায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী পরিবর্তন সংকল্প যাত্রার জন্য পুলিশি অনুমতি না মেলায় আদালতের দ্বারস্থ হয়েছে বিজেপি। আগামী ২৯ শে নভেম্বর এই যাত্রার জন্য মেখলিগঞ্জ থানায় আবেদন জানানো হলেও এখনও পর্যন্ত কোনো ছাড়পত্র মেলেনি। এর প্রেক্ষিতে জলপাইগুড়ির সার্কিট বেঞ্চে মামলা দায়ের করেছে দল।



বিদেশি পর্যটক টানার নিরিখে গোটা দেশের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করে পশ্চিমবঙ্গ আন্তর্জাতিক পর্যটন মানচিত্রে স্থান করে নিয়েছে। কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের এই সংক্রান্ত সদ্য প্রকাশিত রিপোর্টকে উদ্ধৃত করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি

উচ্ছ্বাস প্রকাশ করেছেন। তিনি জানান, বিশ্বজুড়ে পর্যটকদের পছন্দের গন্তব্য হিসেবে রাজ্য আজ এক নতুন উচ্চতায় পৌঁছেছে। কোভিড-পরবর্তী সময়ে বিশ্বজুড়েই পর্যটন শিল্প বড় ধাক্কা খেয়েছিল। কিন্তু সেই কঠিন সময় পেরিয়ে বাংলা যে ভাবে ঘুরে দাঁড়িয়েছে, তাকেই কুর্নিশ জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি উল্লেখ করেন, রাজ্যের পর্যটন দপ্তর গত কয়েক বছরে বেশ কিছু নতুন ক্ষেত্রের ওপর বিশেষ জোর দিয়েছে। এর মধ্যে উৎসব পর্যটন), ধর্মীয় পর্যটন এবং মাইস (মিটিং, ইনসেনটিভ, কনফারেন্স ও এক্সিবিশন) টুরিজম অন্যতম। দুর্গাপূজোর ইউনেস্কো স্বীকৃতি থেকে শুরু করে জঙ্গলমহল ও পাহাড়ের পর্যটন পরিকাঠামো উন্নয়ন—সব মিলিয়েই বিদেশি পর্যটকদের কাছে রাজ্যের আকর্ষণ বেড়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।



বারাসাত মেডিকেল কলেজ ও হাসপাতালের মর্গে মৃত যুবকের চোখ উধাও হওয়ার ঘটনায় রাজ্য স্বাস্থ্য দপ্তর তদন্ত কমিটি গঠন করেছে। সংশ্লিষ্ট মেডিকেল কলেজে সুপারের নেতৃত্বে গঠিত এই কমিটিকে ঘটনার সঠিক তদন্ত করে দ্রুত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। রিপোর্ট খতিয়ে রেখে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে। । উল্লেখ্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল এই

ঘটনার তদন্ত করে দোষীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হবে বলে মৃতের পরিবারকে আশ্বাস দিয়েছিলেন।



সারা দেশের সঙ্গে এ রাজ্যেও আজ বাঘ সুমারি শুরু হয়েছে। এজন্য দক্ষিণ ২৪ পরগনা বনবিভাগের অধীন সুন্দরবনে ক্যামেরা বসানোর কাজ শুরু হয় গতকালই। ৩০-শে নভেম্বর পর্যন্ত এই ক্যামেরা বসানো হবে। এবারের গণনার কাজে ব্যবহার করা হচ্ছে ১৬০ জোড়া ক্যামেরা।

